রেজিস্টার্ড নং ডি এ-১ | "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক" | ২০২২ সনের ১৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৮, ২০২২

সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২০৯—২১২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩১৭—৩৪০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৭৫—৫০০ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**[ একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে ]**

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**সচিবালয় অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ মাঘ, ১৪২৮/২৭ জানুয়ারি, ২০২২

**নং ০৫.০০.০০০০.১২২.৯৯.০১৪.২১.১৫**—বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩২ তম বোর্ড সভার সিদ্ধান্ত ও অর্থ বিভাগের সম্মতি অনুযায়ী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর দাফন ও অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান ১০,০০০/- (দশ হাজার) টাকার স্থলে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকায় পুন:নির্ধারণ করা হলো।

২। উক্ত অনুদানের ব্যয়ভার বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে বরাদ্দকৃত প্রচলিত বাজেট কোড থেকে নির্বাহ করা হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাঈমা হোসেন**
উপসচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা ]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ/০৭ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ

**নং ০০৬/২০২২/কাস্টমস/৩৯**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13 (2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স স্কাইলার্ক্স ডিউটি ফ্রি শপ (বন্ড লাইসেন্স নং-৭৬৭/কাস-পিবিডব্লিউ/২০১২, তারিখ: ২৫-০১-২০১২ খ্রিঃ) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০২১-২০২২ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিল, যথা:—

| ক্র. নং | আমদানিকৃত পণ্য | ২০২১-২০২২ অর্থবছরের জন্য সুপারিশ (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ১,৬০,০০০.০০ |

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| ক্র. নং | আমদানিকৃত পণ্য | ২০২১-২০২২ অর্থবছরের জন্য সুপারিশ (মার্কিন ডলার) |
|---|---|---|
| ২. | লিকার ও অন্যান্য ড্রিংকস | ৪০,০০০.০০ |
| ৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ১৫,০০০.০০ |
| ৪. | কনফেকশনারী | ৫,০০০.০০ |
| | সর্বমোট = | ২,২০,০০০.০০ (দুই লক্ষ বিশ হাজার) মা. ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিয়ার রহমান মন্ডল**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশ

তারিখ : ২৬ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ/০৯ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২-এন-৮৩/৮০-২৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ জাকির হোসাইন, জন্ম তারিখ : ০১-০২-১৯৮২ খ্রিঃ পিতা-মৃত আতর আলী, মাতা-মোছাঃ জাহানারা বেগম, গ্রাম-তারাগড় গাংপাড়, ডাকঘর-চৈতনখিলা, উপজেলা-শেরপুর সদর, জেলা-শেরপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শেরপুর জেলার সদর উপজেলার ০৬ নং পাকুরিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

## শিক্ষা মন্ত্রণালয়
## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
## বেসরকারি বিশ্ববিদ্যালয়-১

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৬ মাঘ, ১৪২৮/০৯ ফেব্রুয়ারি, ২০২২

**নং ৩৭.০০.০০০০.০৭৮.০৮.০২০.২০০৬-৫৪**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী অধ্যাপক ড. মোঃ আলী আকবর, প্রাক্তন উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-কে নিম্নোক্ত শর্তে শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি-এর ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৩ মাঘ, ১৪২৮/০৬ ফেব্রুয়ারি, ২০২২

**৩৭.০০.০০০০.০৭৮.১১.১০৭.২০১৪-৪৯**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী অধ্যাপক অনিল চন্দ্র সাহা, প্রাক্তন ট্রেজারার, ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ-কে নিম্নোক্ত শর্তে উক্ত ইউনিভার্সিটি-এর ট্রেজারার পদে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**৩৭.০০.০০০০.০৭৮.০৮.০০৪.২০১০-৫০**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী অধ্যাপক ড. সাইফুল ইসলাম, উপদেষ্টা (তড়িৎ ইলেকট্রনিক কৌশল), ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-কে, নিম্নোক্ত শর্তে উক্ত ইউনিভার্সিটি-এর উপাচার্য পদে নিয়োগ প্রদান করা হলো :

(ক) উপাচার্য পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৭.০০.০০০০.০৭৮.০৮.০১৭.২০০৭(অংশ-১)-৪৮**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী ড. মোঃ জিয়াউল হাসান, সহযোগী অধ্যাপক, স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ-কে নিম্নোক্ত শর্তে উক্ত ইউনিভার্সিটি-এর ট্রেজারার পদে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৭.০০.০০০০.০৭৮.১১.১১৬.২০১৪-৪৪**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী ড. শরীফ আশরাফুজ্জামান, প্রাক্তন ম্যানেজিং ডিরেক্টর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড-কে নিম্নোক্ত শর্তে সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ, চট্টগ্রাম-এর ট্রেজারার পদে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৭.০০.০০০০.০৭৮.১১.০০৯.২০১৩-৪৫**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী ড. মোঃ ফয়জার রহমান, কো-অর্ডিনেটর, সমাজবিজ্ঞান বিভাগ, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়, রাজশাহী-কে নিম্নোক্ত শর্তে বরেন্দ্র বিশ্ববিদ্যালয়, রাজশাহী-এর ট্রেজারার পদে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল মতিন**
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**[ একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত ]**

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**

**জামস শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিt

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.১০১.১৮-৩৩৯**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা, খাগড়াছড়ি পার্বত্য জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১. | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | মিজ নিগার সুলতানা, স্বামী-আবুল কাশেম, গ্রাম-সবুজবাগ, উপজেলা-খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা। | **চেয়ারম্যান** |
| ০২. | ১০(১) (ঘ) | শিক্ষিকা | মিজ ত্রিনা চাকমা, স্বামী-বিনয় সম্পদ চাকমা, গ্রাম-মিলনপুর, প্রধান শিক্ষক, খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা। | সদস্য |
| ০৩. | ১০(১) (ঙ) | সমাজসেবী | মিজ বাঁশরী মার্মা, স্বামী-উষা মার্মা, গ্রাম-পানখাইয়াপাড়া, উপজেলা-খাগড়াছড়ি সদর, জেলা-খাগড়াছড়ি। | সদস্য |
| ০৪. | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | মিজ সুইচিং থুই মারমা, স্বামী-উশ্যিংমং চৌধুরী, গ্রাম-মহিলা কলেজ পূর্ব রাস্তা, পুলিশ ফাঁড়ির সামনে, গোলাবাড়ী, উপজেলা-খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা। | সদস্য |

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০৫. | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | জাহানারা বেগম, স্বামী-আনোয়ার হোসেন, গ্রাম-মাষ্টার পাড়া, উপজেলা-মহালছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মিসেস নিগার সুলতানা, স্বামী-আবুল কাশেম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০২-০২-২০২২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**বেসরকারি কলেজ-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ/০৫ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭০.৬০.০০১.২০-২৪**—"সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮"-এর আলোকে রাঙ্গামাটি পার্বত্য জেলার লংগদু উপজেলাধীন লংগদু মডেল কলেজ ৩০ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নূর-ই-আলম**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**

**কারিগরি শাখা-০৪**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ/০২ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ৫৭.০০.০০০০.০৫৪.১৫.০০৫.২০-২৩৬**—ঝিনাইদহ জেলার হরিণাকুন্ড উপজেলাধীন 'বঙ্গাবন্ধু বিজ্ঞান ও ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ' ২২-০৭-২০২১ খ্রিষ্টাব্দ হতে সরকারি করা হলো।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাইজার মোহাম্মদ ফারাবী**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০৬ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ/১৯ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২-এন-৩৪/৮৭-১০৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ শামসুজ্জামান, জন্ম তারিখ: ০২-০১-১৯৯৬ খ্রি., পিতা-মোঃ আজির উদ্দিন, মাতা-ফাতেহা বেগম, গ্রাম-পাঁচপাড়া (তুরগ্রাম), ওয়ার্ড নং-০৯, ডাকঘর-লাফনাউট, উপজেলা-গোয়াইনঘাট, জেলা-সিলেট।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার নবগঠিত ১০ নং পশ্চিম আলীরগাঁও ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।